# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০৫

## ২০০৫ সনের ১৫ নং আইন

[১৬ জুন, ২০০৫]

**২০০৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন**

যেহেতু ২০০৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

**১**। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০৫ নামে অভিহিত হইবে।

২০০৪-২০০৫ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪৮৯৫,৩২,৯০,০০০ টাকা প্রদান

**২**। ২০০৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত চার হাজার আটশত পঁচানব্বই কোটি বত্রিশ লক্ষ নব্বই হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

**৩**। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

## তফসিল
## (ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | (হিসাবের প্রধান খাতসমূহ) | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | **অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়** | | | |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ৫০,৬৬ | ০ | ৫০,৬৬ |
| ০১ | জাতীয় সংসদ | ০ | ৪,২৮,০০ | ৪,২৮,০০ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ৫,৮৮,১৮ | ৫,৮৮,১৮ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৩,৮৭,৪৭ | ০ | ৩,৮৭,৪৭ |
| ০৫ | সংস্থাপন মন্ত্রণালয় | ০ | ৯,৮০,৫৮ | ৯,৮০,৫৮ |
| ৪৮ | সরকারী কর্ম কমিশন | ৭৬,৬৩ | ৩,০০ | ৭৯,৬৩ |
| ৬ | অর্থ বিভাগ | ০ | ১৪৬,৫৩,০০ | ১৪৬,৫৩,০০ |
| | অর্থ বিভাগ-মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ১,২৭,২৩ | ০ | ১,২৭,২৩ |
| ০৭ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ১৬,৮৪,৬৫ | ১৬,৮৪,৬৫ |
| ০৮ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ২৬১,০০,০০ | ৫৫,০০ | ২৬১,৫৫,০০ |
| ০৯ | পরিকল্পনা বিভাগ | ০ | ৪,৬১,৯৯ | ৪,৬১,৯৯ |
| ১০ | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৮,১৪ | ৮,১৪ |
| ১১ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ১২,৮৪,৮৭ | ১২,৮৪,৮৭ |
| ১২ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৭,৮২,২২ | ৭,৮২,২২ |
| ১৩ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ৬৪,৩৭ | ২০৬,২২,৮৬ | ২০৬,৮৭,২৩ |
| ১৪ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৬,৪৫,৯৩ | ২৬,৪৫,৯৩ |
| ১৫ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৪১৬,৮৮,১৬ | ৪১৬,৮৮,১৬ |
| ১৬ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ১৫৮,২৫,৭২ | ১৫৮,২৫,৭২ |
| ১৭ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ৩০৪,৭৫,০৯ | ৩০৪,৭৫,০৯ |
| ১৮ | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ২,৪৮,৮৩ | ২,৪৮,৮৩ |

**(অংকসমূহ হাজার টাকায়)**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০ | ১৫০,৯৩,১১ | ১৫০,৯৩,১১ |
| ২০ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ০ | ৬,৪১,০৫ | ৬,৪১,০৫ |
| ২১ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৮,৯৮,১০ | ২৮,৯৮,১০ |
| ২২ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৩,১৫,৩৩ | ৩,১৫,৩৩ |
| ২৩ | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | ১৩,৪৫ | ২১,০৮,৩৯ | ২১,২১,৮৪ |
| ২৪ | তথ্য মন্ত্রণালয় | ০ | ৬,৮০,৬১ | ৬,৮০,৬১ |
| ২৫ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪,০৪,০২ | ৪,০৪,০২ |
| ২৬ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪১,৯৭,৪৭ | ৪১,৯৭,৪৭ |
| ২৮ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৭৮৪,৮৭,৫৩ | ৭৮৪,৮৭,৫৩ |
| ২৯ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৮,০৩,৬৭ | ৮,০৩,৬৭ |
| ৩০ | শিল্প মন্ত্রণালয় | ০ | ১২৬,৬৬,৭০ | ১২৬,৬৬,৭০ |
| ৩১ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ২,৬৮,৭৩ | ২,৬৮,৭৩ |
| ৩৩ | কৃষি মন্ত্রণালয় | ০ | ৬৮৪,০১,৭৪ | ৬৮৪,০১,৭৪ |
| ৩৫ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ১৭,৬৪,৪২ | ১৭,৬৪,৪২ |
| ৩৭ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৩২,৭৮,২৫ | ৩২,৭৮,২৫ |
| ৩৮ | খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | ০ | ৪৯৮,৫৯,৭১ | ৪৯৮,৫৯,৭১ |
| ৩৯ | যোগাযোগ মন্ত্রণালয় | ৯,৭৮,২৮ | ৩৪১,৩৬,৬০ | ৩৫১,১৪,৮৮ |
| ৪০ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ৮,২২,৬৩ | ৮,২২,৬৩ |
| ৪২ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ১০,৮৪,০০ | ৪৬৯,০৮,৮৯ | ৪৭৯,৯২,৮৯ |
| ৪৩ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩৬,৭৬,০০ | ৩৬,৭৬,০০ |
| ৪৪ | বিদ্যুৎ বিভাগ | ০ | ১,৭০ | ১,৭০ |
| | সুপ্রীম কোর্ট | ৩,৮৩,২৬ | ০ | ৩,৮৩,২৬ |
| ৪৫ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪,১১,০০ | ৪,১১,০০ |
| ৪৬ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৫,৬৮ | ৫,৬৮ |
| | **মোট-সম্পূরক মঞ্জুরী দাবী:** | **২৯২,৬৫,৩৫** | **৪৬০২,৬৭,৫৫** | **৪৮৯৫,৩২,৯০** |